

২০২৩ সালের উচ্চমাধ্যমিক পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

মদন মোহন কলেজে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে দ্বাদশ শ্রেণিতে অধ্যয়নরত নিয়মিত শিক্ষার্থী এবং ভর্তিকৃত অনিয়মিত/মানোন্নয়ন/এক-দুই বিষয়ে শিক্ষার্থীদের উচ্চমাধ্যমিক পরীক্ষার ফরম পূরণ কার্যক্রম আগামী ১০ জুলাই থেকে ১৩ জুলাই ২০২৩ পর্যন্ত অনুষ্ঠিত হবে। নির্ধারিত তারিখসমূহে পূবালী ব্যাংক লি. স্টেডিয়াম শাখায় নিম্নোক্ত বোর্ড ফি ও অভ্যন্তরীণ পরীক্ষার ফি প্রদান করে রসিদ এবং কলেজের বেতন পরিশোধের টেলিটক রসিদ সংযুক্ত করে কলেজ অফিসে জমা দিতে হবে। পরীক্ষার্থীদের বোর্ড ফি নিম্নরূপ :

বিভাগ	পরীক্ষার ফিস
নিয়মিত বিজ্ঞান	২,৮১৫.০০
নিয়মিত মানবিক ও ব্যবসায় শিক্ষা	২,২৫৫.০০
অনিয়মিত বিজ্ঞান সকল বিষয়	২,৯১৫.০০
অনিয়মিত মানবিক ও ব্যবসায় শিক্ষা সকল বিষয়	২,৩৫৫.০০
মানোন্নয়ন (বিজ্ঞান)	২,৯১৫.০০
মানোন্নয়ন (মানবিক ও ব্যব. শিক্ষা)	২,৩৫৫.০০
এক বিষয় (ব্যবহারিক ছাড়া)	১,১২৫.০০
দুই বিষয় (ব্যবহারিক ছাড়া)	১,৩৪৫.০০
এক বিষয় (ব্যবহারিকসহ)	১,২৬৫.০০
দুই বিষয় (ব্যবহারিকসহ)	১,৪৮৫.০০

নিয়মিত পরীক্ষার্থীদের মধ্যে যারা দ্বাদশ শ্রেণিতে ভর্তি হয়নি তাদেরকে টেলিটকের মাধ্যমে নির্ধারিত পরিমাণ বেতন পরিশোধ করে বোর্ড ফি ও অভ্যন্তরীণ পরীক্ষার ফি পরিশোধের ব্যাংক রসিদের সাথে টেলিটক রসিদ সংযুক্ত করে কলেজ অফিসে জমা দিতে হবে।

অনিয়মিত পরীক্ষার্থীরা নির্ধারিত বোর্ড ফি ব্যাংকে জমা দেওয়ার সময় রসিদে তাদের স্ব-স্ব রেজিস্ট্রেশন নম্বর লিখে টাকা জমা দিতে হবে এবং ফি জমাদানের রসিদ ও বিগত পরীক্ষার প্রবেশপত্র (ফটোকপি) কলেজ অফিসে জমা দিতে হবে।

মানোন্নয়ন পরীক্ষার্থীদেরকে পরিশোধিত ফিসের রসিদের সাথে ২০২২ সালের মূল মার্কশীট জমা দিতে হবে।